গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৪.২০২৪/ ২২১ তারিখ: ২৩/১২/২০২৪ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং-৬৭/২০২৪**

**বিষয়ঃ আমদানিতব্য Additive 4260 (Thixotropic Agent Powder) নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্রঃ Unichem Polymer Lab & Industrial Company এর ২৪/০৭/২০২৪ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Unichem Polymer Lab & Industrial Company নামক প্রতিষ্ঠান Additive 4260 (Thixotropic Agent Powder) নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | Unichem Polymer Lab & Industrial Company |
| আবেদনকারীর ঠিকানা | Notun Sonakanda, RS Daag No.2187, Ruhitpur, Keraniganj, Dhaka. |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Additive 4260 (Thixotropic Agent Powder) |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Powder |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | India |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 2924.19.00 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

Offset Printing Ink হিসেবে ব্যবহারের জন্য Additive 4260 (Thixotropic Agent Powder) নামক পণ্যটি Powder প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেনীবিন্যাসের পক্ষে যুক্তিঃ
আমদানিকারক Unichem Polymer Lab & Industrial Company কর্তৃক Additive 4260 (Thixotropic Agent Powder) ঘোষণায় পণ্য আমদানির লক্ষ্যে অগ্রিম রুলিং এর আবেদন করা হয়েছে। পণ্যটির এইচ এস কোড প্রস্তাব করা হয়েছে 2924.19.00। আমদানিকারকের আবেদনের সাথে সংযুক্ত MSDS, BCT ও Explanatory Notes পর্যালোচনা করে দেখা যায়- আমদানিতব্য পণ্যটি Additive 4260 যার জেনেরিক/বাণিজ্যিক নাম Thixotropic Agent Powder। এটি Offset Printing Ink এর কাঁচামাল হিসাবে ব্যবহৃত হবে।

Thixotropic Agent in Powder is a highly transparency hydrophilic fumed silica. Thixotropic silica also known as fumed silica or colloidal silica is a type of fine, high surface area silica powder that exhibits thixotropic. It works as a thixotropic and rheology control agent.

BCT 2024-25 এর হেডিং 38.24- এর বর্ণনায় উল্লেখ রয়েছে- Miscellaneous Chemical Products Prepare binders for foundry moulds or cores; chemical products and preparations of the chemical or allied industries (including those consisting of mixtures of natural products), not elsewhere specified or included.

Explanatory Notes এর হেডিং 38.24 এর বর্ণনায় বলা হয়েছে- Colloidal suspensions of silica are generally classified in heading 38.24 unless specially prepared for specific purposes (e.g., as textile dressings of heading 38.09).

বর্ণিত অবস্থায়, BCT এবং Explanatory Notes এর আলোকে আমদানিতব্য Additive 4260 (Thixotropic Agent Powder) নামীয় পণ্যটি হেডিং 38.24 এর আওতায় এইচ.এস. কোড 3824.99.99 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-২৩.১২.২০২৪
(হোসেন আহমদ)
সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি)
ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০৪.২০২৪/ ২২২ তারিখ: ২৩/১২/২০২৪ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব)/(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বহৎ করদাতা ইউনিট (মূসক)/(আপীল) ঢাকা-১/(আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৭। ব্যবস্থাপনা পরিচালক, Unichem Polymer Lab & Industrial Company, Notun Sonakanda, RS Daag No.2187, Ruhitpur, Keraniganj, Dhaka.

২৬/১২/২৪
(তানভীর আহমেদ)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ই-মেইল: nbrclassification@gmail.com